

১০০০
৪৬

মাধ্যমিক স্কুলে ক্লাসের সময় পরিবর্তন হচ্ছে

স্টাফ রিপোর্টার। গরমের সময় মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ক্লাসের সময় পরিবর্তন হচ্ছে। বাতাবিক নিয়মে যেখানে সকাল দশটা থেকে চারটা পর্যন্ত ক্লাস হয়, গরমের সময় সেখানে ক্লাসের সময় নির্ধারণ করা হচ্ছে সকাল আটটা থেকে বেলা দু'টা পর্যন্ত। কিছুদিন পর থেকেই এই নিয়ম কার্যকর হতে পারে। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে জেলা শিক্ষা অফিসগুলোকে এ বিষয়ে পরামর্শ দেয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ এক কর্মকর্তা বলেছেন, গরমে শিক্ষার্থীদের কষ্টের কথা বিবেচনা করেই এই নতুন শিফট চালু করা হচ্ছে। সূত্র মতে যেসব স্কুলে দুই শিফট চালু আছে সেসব স্কুলে কর্তৃপক্ষই সুবিধামতো সময় ঠিক করে নেবে। তবে গরমে যাতে শিক্ষার্থীদের কোন কষ্ট না হয় সেটি দেখতে হবে।